# রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেড

নিবন্ধন নং-৪৮, তারিখঃ ০৭/০৪/১৯৯৪ খ্রিঃ।

ঠিকানা ঃ ১০/১১, ইষ্টার্ন প্লাজা (১০ তলা), হাতিরপুল, সোনারগাঁও রোড, ঢাকা-১২০৫।

পত্র নং-০৭

তারিখঃ ১৬/০৩/২০২৬ খ্রিঃ।

## ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৬

ঢাকা জেলার মোহাম্মদপুর মেট্রোঃ থানাধীন "রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেড" এর সম্মানিত সকল সদস্য ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমিতির ব্যবস্থাপনা কমিটির গত ২০/০২/২০২৬ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ২৪/০৪/২০২৬ খ্রিঃ তারিখ রোজ শুক্রবার সমিতির কার্যালয় (১০/১১, ইষ্টার্ন প্লাজা (১০ তলা), হাতিরপুল, সোনারগাঁও রোড, ঢাকা-১২০৫) এ সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ০৩.০০ ঘটিকা পর্যন্ত (বিরতিহীনভাবে) বিশেষ সাধারন সভায় ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৬ উপলক্ষে ভোট গ্রহন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে ১(এক) জন চেয়ারম্যান, ১(এক) জন ভাইস-চেয়ারম্যান, ১(এক) জন সেক্রেটারী ও ৯(নয়) জন ব্যবস্থাপনা কমিটির সদস্য (পরিচালক) সহ সর্বমোট ১২ (বার) সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটি সদস্যদের সরাসরি ভোটে নির্বাচিত হবেন।

জেলা সমবায় অফিসার, ঢাকা মহোদয়ের আদেশ নং-৫৩২, তারিখঃ ১০/০৩/২০২৬ খ্রিঃ মূলে নিয়োগকৃত নির্বাচন কমিটির গত ১৫/০৩/২০২৬ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক সমবায় সমিতি বিধিমালা,২০০৪ (সংশোধিত,২০২০) এর ২৭ বিধি অনুযায়ী নিম্নরূপভাবে নির্বাচন-২০২৬ এর নির্বাচনী তফসিল ঘোষনা করা হলো ঃ

## নির্বাচনী তফসিল-২০২৬

| ক্রঃনং | বিবরণ | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ১. | মনোনয়ন পত্র বিতরন | ২৯/০৩/২০২৬<br>৩০/০৩/২০২৬ | বিকাল ০৪.০০ টা হতে সন্ধ্যা ০৬.০০ টা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ২. | মনোনয়ন পত্র জমা গ্রহন | ০১/০৪/২০২৬ | বিকাল ০৪.০০ টা হতে সন্ধ্যা ০৬.০০ টা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ৩. | মনোনয়ন পত্র বাছাই (প্রার্থীদের উপস্থিতিতে যদি কেহ উপস্থিত থাকেন) | ০২/০৪/২০২৬ | বিকাল ০৫.০০ টা হতে | সমিতির কার্যালয় |
| ৪. | প্রার্থীদের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | ০৪/০৪/২০২৬ | বিকাল ০৫.০০ টা | সমিতির নোটিশ বোর্ড |
| ৫. | বৈধ/বাতিলকৃত মনোনয়নপত্রের বিরুদ্ধে আপীল আবেদন গ্রহন | ০৫/০৪/২০২৬<br>০৬/০৪/২০২৬ | অফিস চলাকালীন সময়ে | জেলা সমবায় অফিস, ঢাকা, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭। |
| ৬. | আপীলের শুনানী গ্রহন | ০৭/০৪/২০২৬<br>০৮/০৪/২০২৬<br>০৯/০৪/২০২৬ | আপীল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় | জেলা সমবায় অফিস, ঢাকা, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭। |
| ৭. | আপীলের রায় ঘোষনা | ০৯/০৪/২০২৬ | আপীল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় | জেলা সমবায় অফিস, ঢাকা, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭। |
| ৮. | প্রার্থীদের চুড়ান্ত তালিকা প্রকাশ | ১১/০৪/২০২৬ | বিকাল ০৫.০০ টা | সমিতির নোটিশ বোর্ড |
| ৯. | মনোনয়ন পত্র প্রত্যাহার (লিখিত আবেদনের মাধ্যমে) | ১২/০৪/২০২৬ | বিকাল ০৫.০০ টা হতে সন্ধ্যা ০৭.০০ টা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ১০. | একক প্রার্থীদের তালিকা প্রকাশ (প্রযোজ্য ক্ষেত্রে) | ১৫/০৪/২০২৬ | বিকাল ০৫.০০ টা হতে | সমিতির নোটিশ বোর্ড |
| ১১. | প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ | ১৬/০৪/২০২৬ | বিকাল ০৫.০০ টা | সমিতির কার্যালয় |
| ১২. | চুড়ান্ত তালিকা প্রকাশ | ১৮/০৪/২০২৬ | বিকাল ০৫.০০ টা | সমিতির নোটিশ বোর্ড |
| ১৩. | নির্বাচনী পুলিং অফিসার/এজেন্ট নিয়োগ সংক্রান্ত আলোচনা | ২৩/০৪/২০২৬ | বিকাল ০৫.০০ টা | সমিতির কার্যালয় |
| ১৪. | ভোট গ্রহন | ২৪/০৪/২০২৬ | সকাল ১০.০০ টা হতে বিকাল ০৩.০০ টা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ১৫. | ভোট গণনা | ২৪/০৪/২০২৬ | ভোট গ্রহনের পর | সমিতির কার্যালয় |
| ১৬. | ফলাফল প্রকাশ | ২৪/০৪/২০২৬ | ভোট গণনার শেষে | সমিতির কার্যালয় ও নোটিশ বোর্ড |

### নির্বাচনের প্রতীক সমূহঃ

১। চেয়ারম্যান ঃ চেয়ার, ছাতা, গোলাপফুল, গরুরগাড়ী।

২। ভাইস-চেয়ারম্যান ঃ আনাসর, হারিকেন, উড়োজাহাজ, টেলিভিশন।

৩। সেক্রেটারী ঃ মোরগ, মাছ, দেয়ালঘড়ি, বই।

৪। ব্যবস্থাপনা কমিটির সদস্য ঃ কলস, মিনার, বাস, হাতি, মই, কলম, তালাচাবি, কাপ-পিরিচ, আম, বাইসাইকেল, হাঁস, ঘুড়ি, হরিণ, টেবিলফ্যান, ডাব, তলোয়ার, হাতপাখা, খেজুরগাছ, রিক্সা, ময়ূর, মোমবাতি।

উল্লেখ্য প্রার্থীদের তুলনায় প্রতীকের সংখ্যা কম হলে নির্বাচন কমিটি নতুন প্রতীক বরাদ্দ করতে পারবেন।

চলমান পাতা-২।

নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিষয় ঃ

১) মনোনয়ন পত্রের সাথে প্রার্থীর ১(এক) কপি পাসপোর্ট সাইজ ছবি সংযুক্ত করতে হবে। মনোনয়নপত্রের সাথে সংযুক্ত ছবি রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেড এর ব্যবস্থাপনা কমিটির সভাপতি কর্তৃক সত্যায়িত এবং মেট্রোঃ থানা সমবায় অফিসার, মোহাম্মদপুর/ জেলা সমবায় অফিসার, ঢাকা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

২) নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত মনোনয়ন ফরম যথাযথভাবে পূরন করত: রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেড এর ব্যবস্থাপনা কমিটির সভাপতি কর্তৃক সত্যায়িত এবং মেট্রোঃ থানা সমবায় অফিসার, মোহাম্মদপুর/জেলা সমবায় অফিসার, ঢাকা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

৩) বিভিন্ন পদের জন্য ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত মনোয়নপত্রের ফি (যদি থাকে) রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেড এর রশিদের মাধ্যমে জমা করত: রশিদের কপি মনোয়নপত্রের সঙ্গে জমা দিতে হবে।

৪) দাখিলকৃত মনোয়নপত্র অসম্পূর্ন, কাটাকাটি, ঘষামাজা, ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত হলে সমবায় সমিতি বিধিমালা,২০০৪ (সংশোধিত,২০২০) এর ২৮(১) বিধি অনুযায়ী মনোয়নপত্র বাতিল বলে গন্য হবে।

৫) মনোয়নপত্র যাচাই-বাছাইকালে সমবায় সমিতি বিধিমালা,২০০৪ (সংশোধিত,২০২০) এর ২৭(২) বিধি যথাযথভাবে অনুসরন করা হবে।

৬) চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশের পর প্রতীক বরাদ্দ করা হবে। একই প্রতীকের জন্য একাধিক প্রার্থী আবেদন করলে নির্বাচন কমিটি লটারীর মাধ্যমে প্রতীক বরাদ্দ করবে।

৭) কোন পদে প্রতিদ্বন্দ্বি প্রার্থীর সংখ্যা নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীক সমূহের অধিক হলে পুনরায় অতিরিক্ত প্রতীক বরাদ্দ করা হবে।

৮) ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত,২০০২ ও ২০১৩) এর ৩৭ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা,২০০৪ (সংশোধিত,২০২০) এর ৮৮ বিধি যথাযথ অনুসরন করতে হবে।

৯) নির্বাচনী তফসিল মোতাবেক প্রার্থীতা প্রত্যাহারের পর কোন পদে একজন মাত্র বৈধ প্রার্থী থাকলে সমবায় সমিতি বিধিমালা,২০০৪ (সংশোধিত,২০২০) এর ৩২(১) বিধি মোতাবেক উক্ত প্রার্থীকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষনা করা হবে।

১০) নির্বাচনে প্রতিদ্বন্দ্বি প্রার্থীগনকে সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত,২০০২ ও ২০১৩) এর ১৮(৮) ও ১৯ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা,২০০৪ (সংশোধিত,২০২০) এর ২৪ বিধি অনুযায়ী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য যোগ্য হতে হবে।

১১) উক্ত নির্বাচন সমবায় সমিতি আইন,২০০১ (সংশোধিত,২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা,২০০৪ (সংশোধিত,২০২০) সমিতির উপ-আইন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

১২) নির্বাচন সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটির সাথে যোগাযোগ করা যেতে পারে।

১৩) মনোনয়নপত্র প্রার্থী স্ব-শরীরে উপস্থিত হয়ে ক্রয়কৃত মনোনয়নপত্র জমা প্রদান করতে হবে।

১৪) নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

(মুহাম্মদ মুক্তার হোসেন ভূঁঞা)
সদস্য, নির্বাচন কমিটি
রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেড
ও
পরিদর্শক
জেলা সমবায় কার্যালয়, ঢাকা।
মোবাইল-০১৮১৮২৫৭৭৩৯

(শেখ আব্দুস শুকুর)
সদস্য, নির্বাচন কমিটি
রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেড
ও
পরিদর্শক
জেলা সমবায় কার্যালয়, ঢাকা।
মোবাইল-০১৭১১২৩৩৭১৪

(মোঃ সিরাজুল ইসলাম)
সভাপতি, নির্বাচন কমিটি
রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেড
ও
মেট্রোঃ থানা সমবায় অফিসার
মোহাম্মদপুর, ঢাকা।
মোবাইল-০১৭১১২২০২৩২

পত্র নং- ০২

তারিখঃ ১৬/০৩/২০২৬ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো।

১। জনাব.............................................................. সদস্য, রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেড।

২। সভাপতি/সম্পাদক, ব্যবস্থাপনা কমিটি, রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেড। তাঁকে সকল সদস্যদের নিকট নির্বাচন কমিটি কর্তৃক জারীকৃত নির্বাচনী তফসিল যথাসময়ে সংশ্লিষ্ট সকলের নিকট সরবরাহ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

৩। মেট্রোঃ থানা সমবায় অফিসার, মোহাম্মদপুর, ঢাকা।

৪। জেলা সমবায় অফিসার, ঢাকা ও নির্বাচনী আপীল কর্তৃপক্ষ।

৫। সমিতির নোটিশ বোর্ড।

সভাপতি, নির্বাচন কমিটি
রসায়ন নগর কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিমিটেড
ও
মেট্রোঃ থানা সমবায় অফিসার
মোহাম্মদপুর, ঢাকা।